(একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

তথ্য মন্ত্রণালয়

এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং ১৫.৫৮.০০০.১০৩.০১১.১৭৩.৮৩(অংশ-১৩)-১৩৪০ তারিখ : ০৫/১১/২০২০

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিম্নোক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পাশে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, সংখ্যা ও বেতন স্কেল | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | জেলা কোটায় প্রাপ্যতা না থাকায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১। | ফিল্ম ইনভেস্টিগেটর-০১টি<br>বেতন স্কেল-১২৫০০-৩০২৩০/-<br>গ্রেড- ১১ | ১৮-৩০ বছর | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>২। সংরক্ষণের জন্য চলচ্চিত্র, চলচ্চিত্র সংক্রান্ত সকল দ্রব্যাদি বিভিন্ন স্থান হতে সংগ্রহ করার অভিজ্ঞতা বা চলচ্চিত্র শিল্পের সাথে সংশ্লিষ্ট প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | গাজিপুর, ফরিদপুর, ময়মনসিংহ, জামালপুর, কুমিল্লা, ফেণী, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, নীলফামারী, খুলনা, মাগুরা, নড়াইল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা। |
| ২। | টেলিফোন অপারেটর-০১টি<br>বেতন স্কেল-১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড- ১৩ | ১৮-৩০ বছর | ১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>২। টেলিফোন অপারেটর এবং অভ্যর্থনাকারী হিসেবে অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য।<br>৩। কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৩। | স্টোর কিপার-০১টি<br>বেতন স্কেল-১১০০০-২৬৫৯০/-<br>গ্রেড- ১৩ | ১৮-৩০ বছর | ১। কোন অনুমোদিত বিশ্ববিদ্যায় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>২। স্টোরে সকল দ্রব্যাদির সংরক্ষণ এবং চলচ্চিত্র ও চলচ্চিত্র সামগ্রী রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতা অগ্রাধিকারযোগ্য। | |
| ৪। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর-০১টি<br>বেতন স্কেল-১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪ | ১৮-৩০ বছর | ১। স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>২। সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে : ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ।<br>৩। কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে : ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ;<br>৪। স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সাঁটলিপি প্রশিক্ষণপ্রাপ্ত;<br>৫। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>৬। কম্পিউটারে Word Processing-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-০২টি<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড- ১৬ | ১৮-৩০ বছর | ১। স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় ২য় শ্রেণিতে উত্তীর্ণ;<br>২। কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ;<br>৩। কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং<br>৪। কম্পিউটারে Word Processing-সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা থাকতে হবে। | |
| ৬। | মটর ড্রাইভার (হেভী)-০১টি<br>বেতন স্কেল-৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড- ১৫ | ১৮-৩০ বছর | ১। অষ্টম শ্রেণি/জেএসসি পাশ।<br>২। মটর ড্রাইভার হিসেবে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্সের অধিকারী হতে হবে।<br>৩। মটর মেকানিক হিসেবে বাস্তব অভিজ্ঞতা এবং ছোট-খাট মেরামতের ক্ষমতা থাকতে হবে। | |
| ৭। | ইলেকট্রিশিয়ান-০১টি<br>বেতন স্কেল-৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড- ১৬ | ১৮-৩০ বছর | ১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পাশ।<br>২। কোন অনুমোদিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২ বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ট্রেড কোর্সে উত্তীর্ণ এবং ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা অথবা বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে সার্টিফিকেট ও বিদ্যুৎ বিষয়ে লাইসেন্স প্রাপ্ত হতে হবে। | |
| ৮। | অফিস সহায়ক-০১টি<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/-<br>গ্রেড- ২০ | ১৮-৩০ বছর | ১। এসএসসি বা সমমান পাশ।<br>২। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | ঢাকা, শেরপুর, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা। |
| ৯। | নিরাপত্তা প্রহরী-১টি<br>বেতন স্কেল-৮২৫০-২০০১০/-<br>গ্রেড- ২০ | ১৮-৩০ বছর | ১। অষ্টম শ্রেণি বা সমমান পাশ।<br>২। অবসরপ্রাপ্ত সামরিক বাহিনী/আধা-সামরিক বাহিনীর সদস্যগণ/ সিকিউরিটি গার্ড বা অফিস সহায়ক হিসেবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

**শর্তাবলী :**

**ক) আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :**

১. ৩০/১১/২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য হবে না। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার প্রমাণকসহ মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রামাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক পদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result
of Bangladesh
https://freejobalert4u.com

৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**খ) আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী :**

১. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://bfa.teletalk.com.bd. ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৯.১১.২০২০ তারিখ সকাল ১০.০০ টা।

(২) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৭.১২.২০২০ তারিখ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Summit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

২. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

৩. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই Online-এ আবেদনপত্র Summit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৪. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

৫. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১-৭ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকা মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৮-৯ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

প্রথম SMS: BFA <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BFA XXXXX

Reply : Applicant's Name, Tk. 56 will be charged as application fee. Your PIN is XXXXXXX. To pay fee Type BFA <space> Yes ~~<space>~~ PIN and Send to 16222।

দ্বিতীয় SMS: BFA <space> YES <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BFA YES XXXXXXXX

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for BFA application for XXXXXXX User ID is (XXXXXXX) and Password (XXXXXXXX).

৬. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bfa.teleetalk.com.bd অথবা বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট www.bfa.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

৭. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

৮. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Password এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে : BFA <space> Help <space>User<space>User ID & Send to 16222.

Example : BFA HELP USER ABCD.

ii. PIN Number জানা থাকলে: BFA <space> Help <space>PIN<space>PIN No & Send to 16222.

Example : BFA HELP PIN 123456

৯. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২২/১১/২০২০

আবুল কালাম মোহাম্মদ শামসুদ্দিন
পরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ